

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার  
স্বাস্থ্যশিক্ষাওপরিবারকল্যাণবিভাগ  
স্বাস্থ্যওপরিবারকল্যাণমন্ত্রণালয়  
উন্নয়ন অনুবিভাগ

নং-৫৯.০০.০০০০.১২৮.৯৯.০০২.২১-১২৪

তারিখঃ ২৯.১২.২০২২খ্রিঃ।

**বিষয়ঃ পটুয়াখালী জেলাধীন কলাপাড়া উপজেলার লালুয়া (মডেল) ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পরিদর্শন  
প্রতিবেদন।**

সূত্রঃ উন্নয়ন অনুবিভাগের স্মারক নং-৫৯.০০.০০০০.১২৮.৯৯.০০১.২১-১২২, তারিখঃ ২২/১২/২০২২ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে গত গত ২৬/১২/২০২২ খ্রি তারিখ সকাল ০৯.০০ টায় পটুয়াখালী জেলাধীন কলাপাড়া উপজেলার লালুয়া (মডেল) ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের কার্যক্রম সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে পটুয়াখালী জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন, সহকারী পরিচালক, লালুয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলহাজ্ব মোঃ শওকত হোসেন বিশ্বাস, কলাপাড়া উপজেলা ২০ শয়া বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রের ডাঃ মোঃ মেহেদী হাসান, উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার (স্যাকমো) জনাব মোঃ ছবির হোসেন, পরিবার পরিকল্পনা পরিদর্শিকা জনাব শাহানাজ পারভীন, আয়া মোসাম্মৎ ফারজানা, অফিস সহায়ক জনাব মোঃ সালাম হোসেনসহ সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তা কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

বর্তমান অবস্থা ও কার্যক্রমঃ পটুয়াখালী জেলাধীন কলাপাড়া উপজেলার লালুয়া (মডেল) ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রটি ৪৫ শতাংশ জমির উপর অবস্থিত। এক তলা বিশিষ্ট ভবনটি ১৯৮৪ সালে নির্মাণ করা হয়েছে। ভবনের দক্ষিণ পার্শ্বে ডরমেটরী ভবন রয়েছে। কেন্দ্রটি ৫৬২ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মানের তালিকাভুক্ত মর্মে জানা গেল। ঔষধ ও যন্ত্রপাতির তালিকা সংরক্ষণ করা হয়। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র (মডেল), লালুয়া, পটুয়াখালী নডেস্বর, ২০২২ এ ডেলিভারী হয়েছে ০৭ (সাত) টি এবং ডিসেস্বর, ২০২২ এ ডেলিভারী হয়েছে মাত্র ০২ (দুই) টি। প্রতিদিন এখানে ৪০/৫০ জন সাধারণ রোগীর সেবা প্রদান করা হয়ে থাকে। উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার ২০১৫ সালের জানুয়ারি মাসে যোগদান করেছেন এবং একজন এম, এল, এস, এসকে অন্যত্র সংযুক্তি দেয়া হয়েছে। মাঠ পর্যায়ে ৪টি এফ ড্রিউ এর মধ্যে ২ জন কর্মরত রয়েছে। ১ জন এফ ড্রিউ এ সদ্য যোগদান করে। ১টি পদ শুণ্য রয়েছে। উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার জানান জরুরী প্রয়োজনে জটিল রোগীদের উন্নত চিকিৎসার জন্য রেফার করা হয়। সাধারণত কলাপাড়া উপজেলায় ডাঃ মোঃ মেহেদী হাসান রুমী (০১৭১৭-৩৮৮৯৭৩) এর সাথে যোগাযোগ করে প্রথমে পরামর্শ গ্রহণ করেন এবং তার নিকট রোগী প্রেরণ করেন। তার পরামর্শ মোতাবেক অধিক জটিল রোগীদের পটুয়াখালী জেনারেল হাসপাতালে প্রেরণ করা হয়।

সমস্যাঃ লালুয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের ভবনটি অনেক পুরাতন জরাজীর্ণ, ব্যবহারে অনুপযোগী/অকেজো। অফিসের জনবল সংকট। বাথরুমের অবস্থা খুবই খারাপ। ভবনের স্থানটি নীচু এলাকায় এবং বর্ষায় পানি জমে থাকে। পর্যাপ্ত চাহিদার চেয়ে ঔষধ ও সরঞ্জামের অভাব রয়েছে। লালুয়া ইউনিয়ন এছাড়া ঘনবসতিপূর্ণ এলাকা। পাশ্ববর্তী অঞ্চলে পায়রাবন্দর নির্মাণের জন্য ব্যাপক উন্নয়নমূলক কার্যক্রম শুরু হয়েছে। নতুন ভবনসহ জনবল, যন্ত্রপাতি সরবরাহ ব্যাতিত মডেল স্বাস্থ্য কেন্দ্রের সেবা দেয়া সম্ভব নয়। কলাপাড়া উপজেলা ৬ কি: মি এবং পটুয়াখালী জেলা হাসপাতাল ২০ কি: মি দূরে অবস্থিত হওয়ায় দরিদ্র অসহায় মা, শিশু ও সাধারণ রোগী স্বাস্থ্য সেবার জন্য এ কল্যাণ কেন্দ্রে চিকিৎসার জন্য আসতে হয়। পায়রা বন্দর নির্মাণের জন্য

জমি অধিগ্রহন করায় এ এলাকায় নতুন নতুন বসতী স্থাপন করা হচ্ছে। দেশী বিদেশী জনসাধারণের সংখ্যা বৃদ্ধি পেয়েছে মর্মে জানা গেল। অধিকাংশ জনগন কৃষিজীবী এবং কম আয়ের লোকদের বসবাস। স্বাস্থ্য বিষয়ক পরামর্শ এবং সেবা গ্রহণের মত ভালমানের সেবাপ্রদানকারী প্রতিষ্ঠান এবং উপযুক্ত ডাক্তারের অভাব রয়েছে।

#### সুপারিশঃ

কেন্দ্রটির ক্যাচমেন্ট এরিয়া অনেক বড় ইউনিয়ন পরিষদের এবং প্রতিদিনের জন্য কেনাবেচায় বাজারের পার্শ্বে হওয়ায় লালুয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রটিতে প্রতিদিন প্রচুর সাধারণ রোগী সেবা নেয়ার জন্য আগমন করে থাকে। প্রতিষ্ঠানটি নতুন ভবন তৈরী পূর্বক সৃষ্টি পদে জনবল পদায়ন এবং পরবর্তীতে সকল সরঞ্জাম, যন্ত্রপাতি সরবরাহ করে ঘোষিত মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র চালুর পদক্ষেপ নেয়ার সুপারিশ করা হলো।

  
এ. কে. এম. নূরুল ইসলাম কবির  
অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ)  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
ফোন-৫৫১০০৮-২২

সচিব

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।